দৈনিক ই-ইত্তেফাক

# উত্তরা ইউনিভার্সিটিতে 'ইউইউ এইচআর সামিট ২০২৬' অনুষ্ঠিত




২১ মে ২০২৬, ১২:০০ এএম | আপডেট: ২১ মে ২০২৬, ১২:০০

বিশ্ব মানবসম্পদ দিবস উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটি-তে অনুষ্ঠিত হয়েছে 'ইউইউ এইচআর সামিট ২০২৬'। বুধবার (২০ মে) বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে দেশের শীর্ষ কর্পোরেট ব্যক্তিত্বদের অংশগ্রহণে এ আয়োজন অনুষ্ঠিত হয়। এর মধ্য দিয়ে অত্যন্ত সফলভাবে "বিশ্ব মানবসম্পদ দিবস ২০২৬" উদযাপন করেছে বিশ্ববিদ্যালয়টি। বিশ্ববিদ্যালয়ের এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিস ও স্কুল অব বিজনেসের যৌথ উদ্যোগে, ফেডারেশন অব বাংলাদেশ হিউম্যান রিসোর্স অর্গানাইজেশনস-এর সহযোগিতায় এবং গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর পৃষ্ঠপোষকতায় সামিটটি অনুষ্ঠিত হয়।

দেশের শীর্ষস্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অন্তত ২০ জন শীর্ষ কর্মকর্তা সামিটে অংশ নেন। আর্থিক, টেলিকম, তথ্যপ্রযুক্তি ও তৈরি পোশাক খাতের মানবসম্পদ বিভাগের জ্যেষ্ঠ কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিশিষ্ট অতিথিদের মধ্যে ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মামদুদুর রশীদ, বিডিজবস ডটকম-এর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা ফাহিম মাশরুর, ইউনাইটেড গ্রুপের গ্রুপ এক্সিকিউটিভ ডিরেক্টর মো. নওশাদ পারভেজ, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি-এর ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট শাহীন আক্তার, ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড-এর চিফ পিপল অফিসার আবু সালেহ মোহাম্মদ শামীম, গ্রামীণফোন-এর হেড অব স্ট্র্যাটেজিক এইচআর পার্টনার অরুনিমা হাসান, বাংলালিংক-এর সিনিয়র ম্যানেজার হাবিবা ইয়াছমিন, গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্সের ভাইস প্রেসিডেন্ট নুসরাত তাবাস্সুম এবং এটিবি জবসের প্রধান পরিচালন কর্মকর্তা রেই তাকাহাশি।

এছাড়াও ইউনাইটেড গ্রুপ, ট্রান্সকম ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ব্র্যাকনেট লিমিটেড, পার্টেক্স স্টার গ্রুপ, ক্রস ওয়ার্ল্ড পাওয়ার লিমিটেড, ম্যাগপাই গ্রুপ, টেক্সো টিম গ্রুপ, লিড নেশন একাডেমি, ই-জোন এইচআরএম লিমিটেড, ইনডেক্স অ্যাকসেসরিজ লিমিটেড, অ্যাবা গ্রুপ এবং হা-মীম গ্রুপসহ দেশের বড় বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন।

সামিট শুরু হয় ফোরাম ফর বাংলাদেশ এইচআর প্রফেশনালসের প্রতিষ্ঠাতা সভাপতি ড. মোশাররফ হোসেন–এর মূল বক্তব্যের মাধ্যমে। পরে অন্যান্য বক্তারা তাদের অভিজ্ঞতা ও জ্ঞান উপস্থিত সবার সঙ্গে ভাগ করে নেন।

অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠান ও শিল্পখাতের পারস্পরিক সহযোগিতা, বর্তমান সময়ের ধারা, ভবিষ্যতের চ্যালেঞ্জ এবং মানবসম্পদের ভবিষ্যৎ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন শিল্পখাতের মানবসম্পদ বিশেষজ্ঞরা শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনের জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ দেন।

প্রধান অতিথির বক্তব্যে উত্তরা ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা বলেন, "উত্তরা ইউনিভার্সিটির মূল লক্ষ্য হলো তাত্ত্বিক শিক্ষার সঙ্গে কর্পোরেট জগতের বাস্তব প্রয়োগের ব্যবধান দূর করা। 'ইউইউ এইচআর সামিট ২০২৬' আমাদের ভবিষ্যৎ-উপযোগী দক্ষ জনশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতির একটি বড় প্রমাণ।"

তিনি আরও বলেন, দেশের শীর্ষ কর্পোরেট ব্যক্তিত্বদের ক্যাম্পাসে নিয়ে আসার মাধ্যমে এমন একটি প্ল্যাটফর্ম তৈরি হয়েছে, যেখানে শিক্ষার্থীদের স্বপ্ন বাস্তব জগতের সুযোগের সঙ্গে মিলিত হচ্ছে। এর মাধ্যমে তারা মানবসম্পদের দ্রুত পরিবর্তনশীল পরিমণ্ডলে নেতৃত্ব দিতে এবং উদ্ভাবনী দক্ষতা অর্জনে আরও প্রস্তুত হবে।

অনুষ্ঠানটি সঞ্চালনা ও পরিচালনা করেন উত্তরা ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক প্রফেসর ড. এ এস এম শাহাবুদ্দিন।

আয়োজকরা জানান, এ সামিটের মাধ্যমে এমন একটি কৌশলগত প্ল্যাটফর্ম তৈরি হয়েছে, যেখানে উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থীরা কর্পোরেট জগতের বর্তমান পথপ্রদর্শকদের সঙ্গে সরাসরি যুক্ত হওয়ার এবং নেটওয়ার্কিংয়ের সুযোগ পেয়েছে।